

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।
www.srdi.gov.bd

নং-১২.০৩.০০০০.০০২.৯৯.০০৪.১৬- ৭৬০

২৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
তারিখ : -----
১০ মে ২০১৮ খ্রিস্টাব্দ


বিষয় : মাসিক কার্যাবলীর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট-এর ঢাকা প্রধান কার্যালয়ের সকল শাখা প্রধান, সকল আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক গবেষণাগার, গবেষণা কেন্দ্র এবং জেলা কার্যালয়সমূহের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে জানানো যাচ্ছে যে, ইনস্টিটিউটের মাসিক কার্যাবলীর অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত আবশ্যিকভাবে পরবর্তি মাসের ০২ তারিখের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়। এ লক্ষ্যে আঞ্চলিক ও জেলা কার্যালয়সমূহের সংকলিত প্রতিবেদন সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে, আঞ্চলিক গবেষণাগারসমূহের প্রতিবেদন মৃত্তিকা পরীক্ষা বিভাগের মাধ্যমে এবং গবেষণা কেন্দ্রসমূহের প্রতিবেদন প্রতিবেদনাধীন মাসের ২৫ তারিখের মধ্যে পৌঁছানোর জন্য একাধিকবার নির্দেশনা থাকলেও অধিকাংশ ক্ষেত্রে তা বাস্তবায়িত হচ্ছে না। তা'ছাড়া কোন কোন কার্যালয় কর্তৃক প্রতিবেদন নির্দিষ্ট ফরমেট অনুযায়ী প্রেরণ করা হয় না। ফলে মাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ বাধাগ্রস্ত হচ্ছে এবং কোন কোন প্রতিবেদন নির্দিষ্ট ফরমেটে না পাওয়ায় মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদনে ইনস্টিটিউটের কার্যক্রমের সঠিক প্রতিফলন ঘটে না।

এমতাবস্থায়, প্রধান কার্যালয়ের সকল শাখা প্রধানগণকে স্ব স্ব শাখার প্রতিবেদন, সকল আঞ্চলিক কার্যালয় প্রধানগণকে অধীনস্থ জেলা কার্যালয়সমূহের কার্যাবলীর সমন্বয়ে সংকলিত প্রতিবেদন, মৃত্তিকা পরীক্ষা বিভাগকে অধীনস্থ আঞ্চলিক গবেষণাগারসমূহের কার্যাবলীর সংকলিত প্রতিবেদন এবং গবেষণা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে স্ব স্ব কেন্দ্রের প্রতিবেদন (Nikos font এ সফট কপিসহ প্রিন্ট কপি) আবশ্যিকভাবে প্রতিবেদনাধীন মাসের ২৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

সফট কপি প্রেরণের জন্য ই-মেইল নম্বর : (১) director@srdi.gov.bd

(২) sarmin.srdi@gmail.com (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)


(বিধান কুমার ভাভার)
পরিচালক

ফোন : ৯১১৩৩৬৩

E-mail : director@srdi.gov.bd

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উন্নয়ন বিভাগ/মৃত্তিকা পরীক্ষা বিভাগ, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় গবেষণাগার/প্রশিক্ষণ শাখা/মৃত্তিকা জরিপ ব্যাখ্যা শাখা/মৃত্তিকা ও ভূমি শ্রেণিবিন্যাস জরিপ শাখা/মৃত্তিকা কোরিলেশন শাখা/উপজেলা নির্দেশিকা সেল, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/খুলনা/সিলেট/বরিশাল।
- ৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক গবেষণাগার, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/খুলনা/ময়মনসিংহ।
- ৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা সংরক্ষণ ও পানি বিভাজিকা ব্যবস্থাপনা কেন্দ্র, বান্দরবান/লবণাক্ততা ব্যবস্থাপনা ও গবেষণা কেন্দ্র, বাটিয়াঘাটা, খুলনা।
- ৬। ইনোভেশন অফিসার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

- ৭। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, জেলা কার্যালয়, ঢাকা/ময়মনসিংহ/জামালপুর/
টাংগাইল/ফরিদপুর/রাজশাহী/পাবনা/বগুড়া/রংপুর/দিনাজপুর/কুমিল্লা/চট্টগ্রাম/রাঙ্গামাটি/নোয়াখালী/খুলনা/যশোর/
কুষ্টিয়া/পটুয়াখালী/সিলেট/মৌলভীবাজার।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডাটা প্রসেসিং ও পরিসংখ্যান শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ৯। উর্ধ্বতন মানচিত্রাংকনবিদ, মানচিত্রাংকন শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক গবেষণাগার, জামালপুর/ফরিদপুর/চট্টগ্রাম/সিলেট/
নোয়াখালী/বগুড়া/দিনাজপুর/বরিশাল/কুষ্টিয়া/ঝিনাইদহ।
- * ১১। বেগম শারমীন আক্তার, বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা জরিপ ব্যাখ্যা শাখা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ১২। সহকারী পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
- ১৩। অফিস নথি।